

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১ (প্রশাসন ও অর্থ)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৪৩.১৬.০০৯.১৭-৯০১

তারিখঃ ২১ ভাদ্র ১৪২৫  
০৫ সেপ্টেম্বর ২০১৮

বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান) এম.পি.ও. প্রদান।

- সূত্রঃ (১) এন.টি.আর.সি.এ.'র স্মারক নং-বেশিনিক/শি.শি./বে.শি.প্রতিষ্ঠান.শি.নিয়োগ/৫৭৪(অংশ-২)/২০১৭/১৪১;  
তারিখ: ০৫.০৮.২০১৮;  
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.১৮.০০৪.১৮.২৫১; তারিখ: ২৬.০৭.২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রে প্রেরিত প্রস্তাবের প্রেক্ষিতে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

(ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ জারীর তারিখ অর্থাৎ ১৯/০৭/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত যে সকল মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/সহকারি সুপার/কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে এবং ১৯/০৭/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিনিধি মনোনয়নের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন দাখিল করা হবে সে সকল পদের নিয়োগ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি ২০১০ -এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতে হবে;

খ) বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (বিএমসহ) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ জারীর তারিখ অর্থাৎ ১৯/০৭/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত যে সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে এবং ১৯/০৭/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিনিধি মনোনয়নের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন দাখিল করা হবে সে সকল পদের নিয়োগ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি ২০১০ -এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতে হবে;

গ) বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ জারীর দিন অর্থাৎ ১৯/০৭/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিয়োগের জন্য যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে তাদের নিয়োগ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি ২০১০ এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২. উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নপূর্বক কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

সিনিয়র সহকারী সচিব (প্র. ও অর্থ)

ফোন: ৯৫৭৫৮০৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রেড ফ্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ ও ৫ম তলা), ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ফ্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

**অনুলিপিঃ**

১. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন-২) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।